২০১৬

বাংলা

(সাম্মানিক)

অষ্টম পত্র

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

বর্গ—১

(*লোকসাহিত্য ও লোকসংস্কৃতি*)

পূর্ণমান ঃ ৬০

*সময়* ঃ ৩ ঘন্টা

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১২ × ২

(*ক*) লোকসাহিত্য ও উচ্চতর সাহিত্যের পার্থক্য নির্দেশ করো ।

(*খ*) 'লোকভাষা' কাকে বলে ? লোকভাষা ও উপভাষার পার্থক্য বিশ্লেষণ করো ।

(*গ*) 'চন্দ্রাবতী' গীতিকা অবলম্বনে চন্দ্রাবতীর কন্যা সত্তা ও প্রেমিকা সত্তার পরিচয় দাও ।

( *Turn Over* )

(ঘ) হরগৌরীর গান যেমন সমাজের গান, রাধা–কৃষ্ণের গান তেমনি সৌন্দর্যের গান, 'গ্রাম্য সাহিত্য' প্রবন্ধ অবলম্বনে এই মতের সমীচীনতা বিচার করো ।

(ঙ) 'ব্রতে' আল্পনার ব্যবহার ও গুরুত্ব আলোচনা করো ।

২। যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৬ × ৪

(ক) রূপকথার সাধারণ বৈশিষ্ট্য নির্ণয় করে রূপকথাকে কেবল শিশুদের সাহিত্য বলা যায় কিনা তা আলোচনা করো ।

(খ) শাস্ত্রীয় ব্রত ও লৌকিক ব্রতের তুলনামূলক আলোচনা করো ।

(গ) বৃষ্টি সংক্রান্ত সংস্কাররের চারটি বৈশিষ্ট্যের পরিচয় দাও ।

(ঘ) বাংলা ধাঁধার উৎপত্তি সম্পর্কে আলোচনা করো ।

(ঙ) 'মহুয়া' গীতিকাটি প্রেমমনস্তত্ত্বে সমুজ্জ্বল । — আলোচনা করো ।

(চ) 'ছেলে ভুলানো ছড়া' প্রবন্ধে রবীন্দ্রনাথের তীক্ষ্ণ অন্তর্দৃষ্টি ও গভীর মমতা কতখানি প্রকাশিত তা আলোচনা করো ।

(ছ) বাংলা প্রবাদের মধ্যে নারীচরিত্রের প্রতিফলন কতখানি হয়েছে তা আলোচনা করো ।

৩। যে কোনো *তিনটি* বিষয়ে টীকা রচনা করো : ৪ × ৩

সর্বপ্রাণবাদ, টোটেম, ছলন, কাকমারা, ডাকেরবচন, সংখ্যাবিষয়ক সংস্কার, প্রস্তরপূজা ।

বর্গ—২

(*বঙ্কিম সাহিত্য*)

পূর্ণমান : ৯০

*সময়* : ৪ ঘন্টা

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) 'কপাল কুণ্ডলা' একটি রোমান্সধর্মী উপন্যাস–রোমান্স–এর বৈশিষ্ট্য আলোচনা করে মন্তব্যটির যাথার্থ্য বিশ্লেষণ করো ।

(খ) 'বিষবৃক্ষ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো ।

(গ) "এই (রজনী) উপন্যাসের গঠনরীতিটি কিছু অভিনব ।" — মন্তব্যটির সারবত্তা বিচার করো ।

(ঘ) প্রফুল্ল চরিত্রে অনুশীলন ধর্ম ও নিষ্কাম কর্মের তত্ত্বের চেয়ে বঙ্কিমের শিল্পীমন বেশী প্রাধান্য পেয়েছে। — 'দেবী চৌধুরাণী' উপন্যাসের প্রফুল্ল চরিত্র বিশ্লেষণ করে মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো।

(ঙ) 'কমলাকান্তের দপ্তর'–এ সমাজ–সমালোচক বঙ্কিম কতটা প্রকাশিত হয়েছেন, তা দৃষ্টান্ত দিয়ে আলোচনা করো।

২। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৮ × ৫

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের মতিবিবি চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) 'বিষবৃক্ষ' বঙ্কিমের একটি ত্রুটিহীন সামাজিক উপন্যাস' — যাথার্থ্য বিশ্লেষণ করো।

(গ) 'দেবী চৌধুরাণী' উপন্যাসে স্বদেশপ্রেমিক বঙ্কিম কীভাবে প্রতিভাত হয়েছেন তা আলোচনা করো।

(ঘ) 'রজনী' উপন্যাসে শচীশ–রজনীর রোমান্টিক প্রণয় বর্ণনায় বঙ্কিম কতটা সার্থক, বিচার করো।

(ঙ) 'একা–কে গায় ওই' প্রবন্ধে কমলাকান্তের জবানীতে দার্শনিক বঙ্কিম কীভাবে প্রকাশিত ?

(চ) 'বাঙালীর উৎপত্তির ইতিহাস' -প্রবন্ধের মূল বিষয়বস্তু আলোচনা করো।

(ছ) 'সাম্য' (বিবিধ প্রবন্ধ) ও 'বিড়াল' (কমলাকান্তের দপ্তর) প্রবন্ধদুটি অবলম্বনে সাম্যবাদী বঙ্কিমের স্বরূপ বিশ্লেষণ করো।

৩। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৫

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের অধিকারী চরিত্রটি সংযোজনের সার্থকতা বিচার করো।

(খ) কুন্দ চরিত্রটির নামকরণ তার চরিত্রটিকে পরিস্ফুট করেছে সংক্ষেপে ব্যাখ্যা করো।

(গ) অমরনাথের ট্রাজেডির জন্য তার চরিত্রগত ত্রুটি কতটা দায়ী বলে তোমার মনে হয় ?

(ঘ) 'দেবী চৌধুরাণী' উপন্যাসের একটি আঙ্গিকগত ত্রুটির উল্লেখ করো।

(ঙ) 'তেলা মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ।' — ব্যাখ্যা করো।

(চ) 'বিবিধ প্রবন্ধে'র প্রকাশকাল কত ? এই প্রবন্ধ গ্রন্থে কটি প্রবন্ধ আছে ?

(ছ) 'মনুষ্যফল' প্রবন্ধটির নামকরণ কেন এজাতীয় হল সংক্ষেপে লেখো।

## বর্গ—৩

( *রবীন্দ্র সাহিত্য* )

পূর্ণমান ঃ ৯০

*সময়* ঃ ৪ ঘন্টা

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১৫ × ২

(*ক*) 'সোনারতরী' কাব্যে রবীন্দ্রনাথের নিরুদ্দেশ সৌন্দর্যের প্রতি আকর্ষণ ও মর্ত্যাসক্তি যুগপৎ কীভাবে অভিব্যক্ত হয়েছে আলোচনা করো ।

(*খ*) 'শেষের কবিতা'র প্রধান আকর্ষণ অমিত চরিত্র । এই চরিত্র নির্মাণে ঔপন্যাসিক রবীন্দ্রনাথের কৃতিত্ব বিচার করো ।

(*গ*) রাশিয়া ভ্রমণ কীভাবে কবিগুরুর কাছে 'এ জন্মের তীর্থদর্শন' হয়েছে তা আলোচনা করো ।

(*ঘ*) 'বিচিত্র প্রবন্ধ' এর প্রারম্ভে কবি বলেছেন ''এই গ্রন্থের পরিচয় আছে 'বাজে কথা' প্রবন্ধে । অর্থাৎ ইহার যদি কোনো মূল্য থাকে তাহা বিষয়বস্তু গৌরবে নয়, রচনারসসম্ভোগে।'' — কবির এই অভিমত বিশ্লেষণ করো ।

(ঙ) 'রাজা' নাটকে রবীন্দ্র দর্শণের যে বিশেষ দিকটি ধরা পড়েছে তা ব্যাখ্যা করো ।

(চ) পণপ্রথার মর্মান্তিক চিত্র 'দেনা পাওনা' গল্পে যেভাবে অঙ্কিত হয়েছে তা বিশ্লেষর করে দেখাও ।

২। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৮ × ৫

(ক) 'সোনারতরী'র নিরুদ্দেশ যাত্রা' কবিতায় যাত্রাসঙ্গিনীর রহস্য না জানায় কবির যে আক্ষেপ ব্যক্ত হয়েছে তার স্বরূপ বর্ণনা করো ।

(খ) 'শেষের কবিতা' উপন্যাসে কবিতাগুলির প্রয়োগ–সার্থকতা বিচার করো ।

(গ) 'রাশিয়ার চিঠি'তে কথিত শিক্ষা–ব্যবস্থার বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো ।

(ঘ) 'বিচিত্র প্রবন্ধ'এর 'পাগল' প্রবন্ধের ভাববস্তু বিশ্লেষণ করো ।

(ঙ) 'রাজা' নাটকে ঠাকুরদা চরিত্রটি রবীন্দ্র অধ্যাত্ম–সাধণার মূর্তিমান প্রতীক । — মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো ।

(চ) ছোটগল্প হিসাবে 'জীবিত ও মৃত'র সার্থকতা বিচার করো ।

(ছ) 'অনধিকার প্রবেশ' গল্পে রবীন্দ্রনাথ অনুদার ধর্মভাবনাকে যেভাবে কটাক্ষ করেছেন তা লেখো ।

৩। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৫

(ক) 'সোনারতরী' কাব্যে অতীত ও ভবিষ্যতের সঙ্গে কবি নিজের জীবনকে অবিচ্ছিন্ন মনে করেছেন যে সব কবিতায় সেগুলির নাম লেখো ।

(খ) 'শেষের কবিতা' উপন্যাসে কেটি চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো ।

(গ) 'বিচিত্র প্রবন্ধ' গ্রন্থে মোট কতগুলি প্রবন্ধ আছে ? প্রবন্ধগুলির শ্রেণীবিভাগ করে কোন্ কোন্ প্রবন্ধ কোন্ কোন্ শ্রেণীর অন্তর্ভুক্ত তা দেখাও ।

(ঘ) 'রাশিয়ার চিঠি'তে রবীন্দ্রনাথ সভ্যতার 'পিলসুজ' বলতে কী বোঝাতে চেয়েছেন এবং কাকে বুঝিয়েছেন ?

(ঙ) 'রাজা' নাটকে সুদর্শনা ও রাজার মধ্যে প্রকৃত সম্পর্কটি সংক্ষেপে লেখো ।

(চ) 'রাজা' নাটকে সুরঙ্গমা চরিত্রের বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো ।

(ছ) 'পোষ্টমাস্টার' গল্পে বালিকা রতন কীভাবে জননীপদ অধিকার করে বসল তা সংক্ষেপে বুঝিয়ে দাও ।

## বর্গ—৪

### ( *শরৎ সাহিত্য* )

পূর্ণমান ঃ ৯০

*সময়* ঃ ৪ ঘন্টা

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১৫ × ২

(*ক*) 'পল্লীসমাজ' উপন্যাস অবলম্বনে রমেশের চারিত্রিক দ্বন্দ্বময়তার পরিচয় দাও ।

(*খ*) 'দেনাপাওনা' উপন্যাসটির শিল্পসার্থকতা বিচার করো ।

(*গ*) 'দত্তা' উপন্যাসটিতে তৎকালীন সমাজচিত্র কীভাবে উদ্‌ঘাটিত হয়েছে আলোচনা করো ।

(*ঘ*) 'শ্রীকান্ত' উপন্যাসের কমললতা চরিত্রটির উপযোগিতা বিচার করো ।

(*ঙ*) 'স্বদেশ ও সাহিত্য' প্রবন্ধে 'আমার কথা' অংশটির গুরুত্ব বিচার করো ।

(*চ*) 'নারীর মূল্য' প্রবন্ধটি অবলম্বনে সমকালীন নারী জীবনের যে চিত্র প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো ।

২। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৮ × ৫

(ক) 'পল্লীসমাজ' উপন্যাস অবলম্বনে গ্রামীণ সমাজ–জীবনের দ্বন্দ্বসমূহ আলোচনা করো ।

(খ) 'দেনা পাওনা' উপন্যাসের ষোড়শী চরিত্রটি বিচার করো ।

(গ) 'দত্তা' উপন্যাসের নামকরণ যথার্থ কিনা বিচার করো ।

(ঘ) 'শ্রীকান্ত' উপন্যাসের গহর গোঁসাই চরিত্রটি আলোচনা করো ।

(ঙ) 'সমাজে নারীর স্থান নামিয়া আসিলে নর–নারী উভয়েরই অনিষ্ট ঘটে ।' — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো ।

(চ) শ্রীকান্ত ও কমললতা সম্পর্কের পরিনতির সার্থকতা বিচার করো ।

(ছ) রাসবিহারী চরিত্রটি আলোচনা করো ।

(জ) 'স্বদেশ ও সাহিত্য' প্রবন্ধের 'স্বরাজ সাধনায় নারী' অংশটির বক্তব্য পরিস্ফুট করো ।

(ঝ) 'পল্লীসমাজ' উপন্যাসের বিশ্বেশ্বরী চরিত্র যে সর্বংসহা পরিচয় পাওয়া যায় তা বিশ্লেষণ করো ।

৩। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৪ x ৫

(ক) 'শ্রীকান্ত (৪র্থ পর্ব)'–এ বর্ণিত মুরারিপুর বৈষ্ণব আখড়ার পরিচয় দাও ।

(খ) 'পল্লীসমাজ' উপন্যাসের গোবিন্দ গাঙ্গুলী চরিত্রটির পরিচয় দাও ।

(গ) ভৈরবী দেবীর ধর্মসংস্কারাচ্ছন্ন জীবনযাত্রা উপন্যাসে কীভাবে ফুটে উঠেছে লেখো ।

(ঘ) 'আধুনিক সাহিত্যের কৈফিয়ৎ' প্রবন্ধে আধুনিক সাহিত্যের পক্ষে কী কী যুক্তি লেখক দিয়েছেন লেখো ।

(ঙ) 'এই ধরা গলার সংক্ষিপ্ত উত্তর বৃদ্ধের লক্ষ্য এড়াইল না' — বৃদ্ধের পরিচয় দিয়ে বক্তার ধরা গলার কারণটি বিবৃত করো ।

(চ) 'নারীর মূল্য' প্রবন্ধে বিধবা-বিবাহ প্রসঙ্গে লেখকের অভিমত আলোচনা করো ।

(ছ) 'স্বদেশ ও সাহিত্য' প্রবন্ধের 'রীতি ও নীতি' অংশে প্রাবন্ধিকের বক্তব্য সংক্ষেপে লেখো ।

---